**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 14-08-2026**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**President-Address Nation :**

৮০তম স্বাধীনতা দিবসের প্রাক সন্ধ্যায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ জাতির উদ্দেশে ভাষণ দেবেন। রাষ্ট্রপতির ভাষণটি সন্ধ্যা ৭টায় আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্কে সম্প্রচার করা হবে। ভাষণটি প্রথমে হিন্দি ও পরে ইংরেজিতে সম্প্রচার করা হবে। রাত ৯:৩০ মিনিটে ভাষণটি আকাশবাণীর স্থানীয় কেন্দ্র থেকে আঞ্চলিক ভাষায়ও শোনা যাবে।

*****************************

**Partition Horrors Remembrance Day :**

আজ বিভাজন বিভীষিকা স্মরণ দিবস। ১৯৪৭ সালের দেশভাগের সময় যাঁরা জীবন উৎসর্গ করেছিলেন এবং চরম যন্ত্রণা ভোগ করেছিলেন, দেশ তাঁদের সকলকে শ্রদ্ধা জানাচ্ছে। দেশভাগের বিভীষিকা স্মরণ দিবস উপলক্ষে জাতীয় রাজধানীসহ সারাদেশে বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়েছে। উল্লেখ্য, ২০২১ সাল থেকে প্রতি বছর ১৪ই আগস্টে এই দিবস উদযাপনের ব্যাপারে ভারত সরকার সিদ্ধান্ত নিয়েছিল।

****************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, উন্নয়নের সুফল সমাজের শেষ প্রান্তের জনগণের কাছে পৌঁছে দেওয়া-ই সরকারের মূল লক্ষ্য। গতকাল ডলুগাঁও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে ৬টি প্রকল্পের উদ্বোধন এবং ১২টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করে তিনি একথা বলেছেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, শিক্ষা, স্বাস্থ্য, সড়ক যোগাযোগ, পানীয় জল, বিদ্যুৎ, কৃষি, গ্রামোন্নয়ন, নগর উন্নয়ন, তথ্য প্রযুক্তি, ক্রীড়া এবং

সামাজিক সুরক্ষার মতো প্রতিটি ক্ষেত্রকে গুরুত্ব দিয়ে রাজ্য সরকার কাজ করছে। মুখ্যমন্ত্রী 'ক্লিন অ্যান্ড গ্রিন উনকোটি' উদ্যোগের প্রশংসা করে বলেন, ঊনকোটির ঐতিহাসিক, প্রত্নতাত্ত্বিক ও ধর্মীয় ঐতিহ্যকে সামনে রেখে পর্যটন পরিকাঠামোর উন্নয়ন করা হচ্ছে। তিনি আরো বলেন, কৈলাসহর বিমানবন্দরের রানওয়ের দৈর্ঘ্য বৃদ্ধির বিষয়টি নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা চলছে এবং প্রয়োজন হলে জমি অধিগ্রহণে রাজ্য সরকার সহযোগিতা করবে।

****************************

**President-Sangeet Natak Akademi Awards :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল নতুন দিল্লিতে ২০২৪ ও ২০২৫ সালের সংগীত নাটক একাডেমি ফেলোশিপ ও পুরস্কার প্রদান করেছেন। সঙ্গীত, নৃত্য, নাটক, লোক ও আদিবাসী শিল্প-সহ বিভিন্ন শিল্পকলায় অসামান্য অবদানের স্বীকৃতি হিসেবে ১১৫ জন শিল্পীকে সম্মানিত করা হয়েছে।

*****************************

**Monsoon Session :**

সংসদের বাদল অধিবেশন গতকাল শেষ হয়েছে। বন্দেমাতরম গাওয়ার পর লোকসভা ও রাজ্যসভার অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মুলতবি ঘোষণা করা হয়। সংসদে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী প্রমুখ। সংসদের বাদল অধিবেশন শুরু হয়েছিল ২০শে জুলাই।

***************************

**Tiranga Rally :**

দেশাত্মবোধ ও জাতীয় পতাকার প্রতি শ্রদ্ধাবোধ জাগ্রত করার লক্ষ্যে 'হর ঘর তিরঙ্গা' কর্মসূচির অঙ্গ হিসেবে গতকাল তেলিয়ামুড়া ব্লক কার্যালয়ের

উদ্যোগে এক বর্ণাঢ্য ‘তিরঙ্গা র‍্যালি’ অনুষ্ঠিত হয়। বর্ণাঢ্য এই র‍্যালিটি লক্ষ্মীপুর গ্রাম পঞ্চায়েত এলাকা থেকে শুরু হয়ে বিভিন্ন পথ পরিক্রমা করে।

এদিকে, ‘হর ঘর তিরঙ্গা’ কর্মসূচির অংশ হিসেবে এইদিনে মুঙ্গিয়াকামী ব্লকের উদ্যোগে এক বর্ণাঢ্য তিরঙ্গা র‍্যালি অনুষ্ঠিত হয়। এই কর্মসূচির আওতায় মুঙ্গিয়াকামী এইচএস স্কুল মাঠে ছাত্রছাত্রীদের মধ্যে ৪০০ মিটার দৌড় প্রতিযোগিতারও আয়োজন করা হয়।

***************************

**MBB College-Vande Mataram :**

আগামীকাল স্বাধীনতা দিবসে সকাল সাড়ে ৬টায় এমবিবি কলেজ প্রাঙ্গনে অনুষ্ঠিত হবে সহস্রকন্ঠে ‘বন্দে মাতরম’ অনুষ্ঠান। এমবিবি কলেজের মিডিয়া সেলের আহবায়ক অধ্যাপক গৌতম সাহা গতকাল সাংবাদিক সম্মেলনে একথা জানান।

*****************************

**Bokafa Meeting :**

স্বচ্ছ ভারত মিশন প্রকল্পের কাজ পর্যালোচনার জন্য গতকাল বকাফা বিআরসি হলে বকাফা পঞ্চায়েত সমিতির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বকাফা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান কৃষ্ণা রিয়াং সহ অন্যান্য বিভিন্ন স্তরের জনপ্রতিনিধি ও আধিকারিকরা উপস্থিত ছিলেন। সভায় আলোচনাচক্রমে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

******************************

**Ekalavya School-Killa :**

রাজ্য বিধানসভার অধ্যক্ষ রামপদ জামাতিয়া গতকাল গোমতী জেলার পিত্রা কামিতে কিল্লা একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলের নবনির্মিত ভবনের দ্বারোদ্ঘাটন করেছেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনজাতি

কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা। ১৪ দশমিক নয় তিন একর জমিতে এই স্কুলটির নতুন ভবন নির্মাণে ব্যয় হয়েছে ৪৮ কোটি ৮৫ লক্ষ টাকা।

*************************

**AIDS Awareness :**

এইচআইভি/এইডস সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি এবং এইচআইভি-মুক্ত সমাজ গড়ার অঙ্গীকার নিয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তর এবং ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির যৌথ উদ্যোগে গতকাল ধলাই জেলার আমবাসায় 'মিশন এইডস সুরক্ষা'-র অধীনে জনসচেতনতামূলক পদযাত্রা এবং সচেতনতামূলক আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় সরকার পরিচালিত স্বাস্থ্যকেন্দ্রগুলিতে এইচআইভি পরীক্ষা ও চিকিৎসার সুবিধার বিষয়ে আলোকপাত করা হয়।

*************************

**Asmita Dey-Reception :**

কমনওয়েলথ জুডোতে সোনাজয়ী অস্মিতা দে-কে গতকাল বিলোনিয়া ক্রিকেট এসোসিয়েশনের পক্ষ থেকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। সংবর্ধনা অনুষ্ঠান শেষে অস্মিতা দে বিলোনিয়ার বিদ্যাপীঠ জুডো প্রশিক্ষণ কেন্দ্রে যান ও জুডো প্রশিক্ষণার্থীদের উৎসাহ দেন।

***************************

**Weather :**

আজকের আকাশ সাধারণত মেঘলা থাকবে। রাজ্যের সিপাহীজলা ও দক্ষিণ জেলায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.১ ডিগ্রি সেলসিয়াস।

**************************